প্রথম কেনা গাড়িটি ফিরে পেতে চান শচীন

প্রথম সবকিছুই বিশেষ। তাই প্রথম কেনা গাড়ির কথা ভুলতে পারেননি গাড়িপ্রেমী শচীন টেন্ডুলকার। গাড়িটি ফিরে পেতে ভক্তদের সহায়তাও চেয়েছেন ভারতীয় এ ব্যটিং কিংবদন্তী। পেশাদার ক্রিকেটে প্রবেশের পর শচীন টেন্ডুলকার নিজের টাকায় প্রথম একটি মারুতি ৮০০ গাড়ি কিনেছিলেন।

ইন দ্য স্পোর্টলাইট অনুষ্ঠানে শচীন বলেন, আমার প্রথম গাড়ি ছিল একটি মারুতি ৮০০। দুর্ভাগ্যের বিষয় হল, গাড়িটি এখন আর আমার কাছে নেই। গাড়িটি নিজের কাছে ফিরিয়ে আনতে পারলে খুব ভালো লাগবে। সুতরাং, আমার কথা যারা শুনছেন, যদি কারো জানা থাকে গাড়িটি কার কাছে রয়েছে, নিঃসংকোচে আমার সঙ্গে যোগাযোগ করবেন।

শচীনের গ্যারেজে বেশ কিছু গাড়ি আছে। তারপরও নিত্য নতুন মডেলের গাড়ি তিনি কেনেন, চালিয়ে দেখেন। গাড়ির প্রতি কীভাবে এত দুর্বলতা জন্মাল তা জানাতে গিয়ে শচীন বলেন, আমাদের বাড়ির সামনে একটা বড় ওপেন ড্রাইভ মুভি হল ছিল। সেখানে লোকেরা গাড়ি পার্ক করে সিনেমা দেখতেন। আমি আর দাদা বারান্দায় দাঁড়িয়ে গড়ি দেখতাম তখন।

সূত্র- বিডি প্রতিদিন

দুঃসংবাদ পিএসজির, ফাইনালে নিষিদ্ধ হতে পারেন নেইমার

চ্যাম্পিয়নস লিগে অ্যাটলেটিকো মাদ্রিদকে বধ করা আরবি লাইপজিগ’র আরেকটি রূপকথা লেখা হলো না। অভিজ্ঞ প্যারিস সেন্ট জার্মেই (পিএসজি) কাছে ৩-০ গোলে হেরে গেছে জার্মান ক্লাবটি। অন্যদিকে প্রথমবার চ্যাম্পিয়নস লিগের ফাইনাল নিশ্চিত করলো পিএসজি। ৫০ বছর পর ফাইনালে নাম লেখাল পিএসজি।

ফাইনালের লক্ষ্যে মাঠে নেমে গোল করেছেন ব্রাজিলের মার্কিনহোস, আর্জেন্টিনার ডি মারিয়া ও স্পেনের হুয়ান বের্নাত।
দুর্দান্ত এমন জয় শেষে নেইমার-এমবাপ্পেদের আনন্দটা বাঁধনহারা হওয়াই স্বাভাবিক। আর আনন্দ উদযাপন করতে গিয়েই বিপত্তি হয়ে গেছে এক জায়গায়। করোনাভাইরাস প্রোটোকল ভেঙে বসেছেন নেইমার।

ম্যাচ শেষের পর লাইপজিগের জার্মান ডিফেন্ডার মার্সেল হালস্টেনবার্গের সঙ্গে জার্সি বদলেছেন নেইমার। উয়েফার নতুন নিয়মে বলা আছে, ম্যাচের পর জার্সি বদল করলে সংশ্লিষ্ট খেলোয়াড়কে এক ম্যাচ নিষিদ্ধ করা হবে। সঙ্গে সেলফ আইসোলেশনে থাকতে হবে ১২ দিন। যদি এই নিয়ম মানা হয়, তাহলে ফাইনাল ম্যাচে নিষিদ্ধ থাকবেন নেইমার। নেইমারকে ছাড়াই মাঠে নামা লাগবে পিএসজির। ফাইনালে বায়ার্ন মিউনিখ বা অলিম্পিক লিওঁর বিপক্ষে মাঠে নামবে পিএসজি।

১৯৭০ সালে পথচলা শুরু হয় ফ্রান্সের ক্লাব প্যারিস সেইন্ট জার্মেইনের। ৫০ বছরের ইতিহাসে ৯ বার লিগ ওয়ান শিরোপার পাশাপাশি রেকর্ড গড়ে ডোমেস্টিকের নানা শিরোপা জিতলেও এ পর্যন্ত খেলা হয়নি উয়েফা চ্যাম্পিয়নস লিগের ফাইনাল। প্রথমবারের মতো ফাইনাল উঠে শিরোপার জিততে পারবে তো পিএসজি?

সূত্র- বিডি প্রতিদিন

চ্যাম্পিয়নস লিগের ফাইনালে পিএসজি

অ্যাটলেটিকো মাদ্রিদকে বধ করা আরবি লাইপজিগ’র আরেকটি রূপকথা লেখা হলো না। সেমিফাইনাল অভিজ্ঞ প্যারিস সেন্ট জার্মেই (পিএসজি) কাছে ৩-০ গোলে হেরে গেল জার্মান ক্লাবটি। অন্যদিকে, প্রথমবার চ্যাম্পিয়নস লিগের ফাইনাল নিশ্চিত করলো পিএসজি।

লিসবনে গোটা ম্যাচে দাপট দেখিয়েছে পিএসজি। ষষ্ঠ মিনিটে দুর্দান্ত সুযোগ নষ্ট হয় নেইমারের। কিলিয়ান এমবাপ্পের পাস থেকে শুধু লাইপজিগ গোলরক্ষক পিটার গুলাকসিকে পেয়েও ব্যর্থ হন তিনি।

তার শট দূরের পোস্টে আঘাত করে। পরের মিনিটে জার্মান ক্লাবের জালে বল ঢুকেছিল। কিন্তু নেইমারের হ্যান্ডবলের কারণে গোলদাতার খাতায় নাম লিখতে পারেননি এমবাপ্পে, রেফারি গোল বাতিল করে দেন। তবে স্বস্তির গোলের দেখা পিএসজি পায় ১৩ মিনিটে। আনহেল দি মারিয়ার ফ্রি কিক থেকে মারকুইনহোসের দুর্দান্ত হেডে ১-০ হয় স্কোর।

তবে বিরতিতে যাওয়ার আগেই পিএসজি ব্যবধান দ্বিগুণ করে। লাইপজিগের গোলকিপার বল ক্লিয়ার করলে নেইমার তা দখল করেন এবং বল বাড়িয়ে দেন দি মারিয়ার দিকে। আর্জেন্টাইন প্লেমেকার চ্যাম্পিয়নস লিগের মঞ্চে তার ২১তম গোল করতে ভুল করেননি।
বিরতি পর ৫৬ মিনিটে আবারও প্রতিপক্ষের শিবিরে হানা দেয় পিএসজি। দি মারিয়ার ক্রস থেকে হুয়ান বার্নাটের হেড গুলাকসির হাতে লেগে জাল খুঁজে নেয়।

আগামী রবিবারের ফাইনালে পিএসজির প্রতিপক্ষ বায়ার্ন মিউনিখ কিংবা লিওঁ, বুধবার হবে দ্বিতীয় সেমিফাইনাল।

সূত্র- বিডি প্রতিদিন

আজই বরখাস্ত হচ্ছেন বার্সা কোচ সেতিয়েন!

চ্যাম্পিয়নস লিগের সেমি-ফাইনালে বায়ার্ন মিউনিখের কাছে ৮-২ গোলে হারের জেরে আজ সোমবার জরুরি বৈঠকে বসতে যাচ্ছে বার্সেলোনা ক্লাবের নির্বাহী কমিটি। এতে কোচ কিকে সেতিয়েনকে বরখাস্ত করার সিদ্ধান্ত আসতে পারে। খবর এএফপি’র।

জরুরি বৈঠকের বিষয়টি নিশ্চিত করেছে স্পেনের ক্রীড়া বিষয়ক দৈনিক মুন্দো দেপোর্তিভোও।

পত্রিকাটির একটি প্রতিবেদনে বলা হয়েছে, বার্সেলোনা সভাপতি জোসেপ মারিয়া বার্তোমেউ নির্বাহী কমিটির জরুরি বৈঠক ডেকেছেন।

সম্ভবত সোমবারই হবে এই বৈঠক। সম্ভাব্য জরুরি বৈঠক নিয়ে একই রকম সংবাদ প্রকাশ করেছে রেডিও আরএসি ওয়ানও।
কাতালান ক্লাবটির একটি বৈঠকের ব্যাপারে এএফপিকে নিশ্চিত করেছেন। তবে বৈঠকটি কখন অনুষ্ঠিত হবে তা জানানো হয়নি। তবে রেডিও আরএসি-ওয়ান জানিয়েছে স্থানীয় সময় বেলা ১১টার দিকে বৈঠক শুরু হতে পারে।

এদিকে, কাতালান সংবাদপত্র এল এস্পোর্তিও রবিবার জানিয়েছে, সোমবার বার্সেলোনার ম্যানেজমেন্ট কমিটি বৈঠকে বসতে যাচ্ছে। তাতে কোচ সেতিয়েনকে বরখাস্ত করার সিদ্ধান্ত হতে পারে। সেই সঙ্গে ক্লাবের প্রেসিডেন্ট নির্বাচনের দিন-তারিখ নির্ধারণ করা হতে পারে।

গত শুক্রবার চ্যাম্পিয়নস লিগের শেষ চারের লড়াইয়ে বায়ার্নের কাছে বার্সেলোনার ৮-২ গোলের ব্যাপারটি কেউ মেনে নিতে পারছে না। ইউরোপ সেরা প্রতিযোগিতাটিতে এটি তাদের সবচেয়ে বড় হার।

এমন লজ্জার পর দলের ভালোর জন্য অনেক কিছুতে পরিবর্তন আনার আহ্বান জানিয়েছিলেন বার্সেলোনার অভিজ্ঞ ডিফেন্ডার জেরার্ড পিকে। খুব শিগগিরই গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেবেন বলে জানিয়েছিলেন ক্লাব সভাপতি বার্তোমেউ।

এমন লজ্জাজনক হারের পর যেকোনও কোচের গ্রহণযোগ্যতা আর থাকে না বলে নিজ সম্পর্কে মন্তব্য করে কোচ সেতিয়েন বলেছিলেন, “এমন ঘটলে একজন কোচের বিশ্বাসযোগ্যতা আর থাকে না। এটাই স্বাভাবিক। তবে এই মুহূর্তে বিষয়টা নিয়ে আমি বিরক্ত নই।”

সূত্র- বিডি প্রতিদিন

শাখতারকে উড়িয়ে ফাইনালে ইন্টার মিলান

উয়েফা ইউরোপা লিগের ফাইনালে উঠেছে ইন্টার মিলান। সোমবার দিবাগত রাতে সেমিফাইনালে শাখতার দনেৎস্ককে ৫-০ গোলে উড়িয়ে দিয়ে ফাইনালে

নাম লেখায় ইতালিয়ান ক্লাবটি।

প্রথমার্ধে ১-০ গোলে এগিয়ে ছিল ইন্টার। বিরতির পর আরও চারবার শাখতারের জালে বল জড়ায় তারা। ইন্টার মিলানের হয়ে দুটি করে গোল করেছেন লাওতারো মার্টিনেজ ও রোমেলু লুকাকু। অপর গোলটি করেছেন দানিলো ডি’অ্যাম্ব্রোসিও।

সোমবার ডুসেলডর্ফে ম্যাচের ১৯ মিনিটেই এগিয়ে যায় ইন্টার। এ সময় লাওতারো মার্টিনেজ ২২ গজ দূর থেকে গোল করেন। প্রথমার্ধে এই একটি গোলই হয়।
বিরতির পর ৬৪ মিনিটে দানিলো ডি’অ্যাম্ব্রোসিও গোল করে ব্যবধান দ্বিগুণ করেন। ৭৪ মিনিটে লাওতারো তার জোড়া গোল পূর্ণ করলে ইন্টার মিলান এগিয়ে যায় ৩-০ ব্যবধানে। এরপরের গল্পটুকু জায়ান্ট ম্যান রোমেলু লুকাকুর। তিনি ৭৮ ও ৮৩ মিনিটে দুটি গোল করে বড় জয় নিশ্চিত করেন। নিশ্চিত করেন ইউরোপা লিগের ফাইনাল।

শুক্রবার ফাইনালে স্প্যানিশ ক্লাব সেভিয়ার মুখোমুখি হবে ইন্টার। ফাইনালে সেভিয়াকে হারাতে পারলে ১০ বছর পর বড় কোনও শিরোপা জিতবে সিরি’আ লিগের ক্লাবটি। সবশেষ ২০১০ সালে কোচ হোসে মরিনহোর তত্ত্বাবধানে উয়েফা চ্যাম্পিয়নস লিগের শিরোপা জিতেছিল ইন্টার মিলান।

সূত্র- বিডি প্রতিদিন

বার্সা ছেড়ে যাচ্ছেন মেসি, জানিয়ে দিয়েছেন ক্লাব কর্তৃপক্ষকে!

স্প্যানিশ জায়ান্ট বার্সেলোনা ছেড়ে যাচ্ছেন মেসি! এরই মধ্যে তার সিদ্ধান্তের কথা নাকি ক্লাব কর্তৃপক্ষকে জানিয়ে দিয়েছেন ফুটবল বিশ্বের এই মহাতারকা। এমন সংবাদ দিয়েছেন ব্রাজিলীয় সাংবাদিক মার্সেলো বেকলার। এর আগে নেইমারের পিএসজিতে যাওয়ার খবরটিও প্রথম

প্রকাশ করেছিলেন এই সাংবাদিক।

টুইটারে এক ভিডিও বার্তায় মার্সেলো বলেছেন, বার্সেলোনাকে মেসি জানিয়ে দিয়েছেনে এই গ্রীষ্মেই ক্লাব ছাড়তে চান তিনি। তবে ক্লাব ভালো দল তৈরি করবে এমন কোনও পরিকল্পনা থাকলে সিদ্ধান্ত বদলাতেও পারেন মেসি।

মার্সেলো জানিয়েছেন, ক্লাব ছাড়ার ইচ্ছা এর আগে মেসির মধ্যে দেখা যায়নি। যদিও বার্সেলোনার পক্ষ থেকে এ ব্যাপারে তেমন কিছু বলা হয়নি। বার্সেলোনা ছাড়লে মেসি কোথায় যেতে পারেন? সম্ভাব্য হিসেবে শোনা যাচ্ছে ম্যানচেস্টার সিটি, পিএসজি, ম্যানচেস্টার ইউনাইটেড অথবা ইন্টার মিলানের নাম।
শনিবার লিসবনে চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার ফাইনালে বায়ার্ন মিউনিখের বিপক্ষে রেকর্ড ৮-২ গোলের ব্যবধানে হেরে যায় বার্সেলোনা। দলের এমন করুণ পরাজয়ের পর বিশ্বজুড়েই সমালোচনা হচ্ছে মেসিদের নিয়ে। যে কারণে মেসিকে বার্সেলোনা ছাড়ার পরামর্শ দিয়েছেন ইংল্যান্ড জাতীয় দলের সাবেক তারকা ফুটবলার ফার্ডিনান্ড।

ম্যানচেস্টার ইউনাইটেডের সাবেক এই তারকা ফুটবলার বলেছেন, বার্সেলোনার এখন যে পারফরম্যান্স তাদের তুলনায় ইউরোপের অন্যান্য দল অনেক শক্তিশালী। যদিও আমি তুলনায় যাচ্ছি না। দলের এমন পরাজয়ের পর মেসি কী ভাবছেন সেটাই সবচেয়ে বড় প্রশ্ন। তবে বড় ট্রফি জিততে হলে মেসিকে ক্লাব বদলাতেই হবে।

সূত্র- বিডি প্রতিদিন

আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিলেন ধোনি

আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিয়েছেন ভারতের সাবেক অধিনায়ক মহেন্দ্র সিং ধোনি।

শনিবার বিষয়টি জানিয়ে নিজের ইনস্টাগ্রাম পোস্টে ধোনি লিখেছেন,

‘আপনার গভীর ভালোবাসা ও সমর্থনের জন্য অনেক ধন্যবাদ। ১৯২৯ ঘণ্টা (বাংলাদেশ সময় রাত প্রায় ৮টা) থেকে আমাকে অবসর নেওয়া ক্রিকেটার হিসেবে ধরে নিন।’

ধোনির নেতৃত্বে ২০১১ ওয়ানডে বিশ্বকাপ জিতে ভারত। তার নেতৃত্বেই ২০০৭ সালে টি-টোয়েন্টি বিশ্বকাপের শিরোপা জিতে ভারত।
২০০৪ সালে বাংলাদেশের বিপক্ষে ওয়ানডে অভিষেক হয় ধোনির। জাতীয় দল ছাড়াও আইপিএলের ইতিহাসে তার নেতৃত্বে চেন্নাই সুপার কিংস ৩টি শিরোপা জিতেছে।

সূত্র- বিডি প্রতিদিন

নেইমার-এমবাপ্পে কখনও পিএসজি ছাড়বে না: আল-খেলাইফি

পর্তুগালের লিসবনে বুধবার নেইমার-এমবাপ্পের দুর্দান্ত পারফর্ম্যান্সে আতালান্তাকে ২-১ ব্যবধানে হারিয়ে ২৫ বছর পর চ্যাম্পিয়নস লিগের সেমিফাইনাল নিশ্চিত করেছে প্যারিস সেন্ট জার্মেই (পিএসজি)। সেই ম্যাচের পর পিএসজির মালিক নাসের আল-খেলাইফি জানিয়েছেন, এই দুই তারকা পার্ক দে প্রিন্সেসে তাদের ক্যারিয়ার শেষ করবেন।

আরএমসি স্পোর্টকে তিনি বলেন, ‘নেইমার এবং এমবাপ্পে বিশ্বের দুই সেরা খেলোয়াড়। নেইমার বিশ্বের সেরা তিন ফুটবলারদের একজন। সে ম্যাচ সেরা হয়েছে। সে সেরা সবসময়। সে এবং কিলিয়ান কখনও ক্লাব ছাড়বে না। তারা পিএসজিতে থাকবে। ’

পিএসজি এর আগে শেষবার চ্যাম্পিয়নস লিগের শেষ চারে ওঠেছিল ১৯৯৫ সালে। এবার দীর্ঘ সেই অপেক্ষার অবসান ঘটিয়ে ফরাসি জায়ান্টদের প্রথমবারের মতো শিরোপা জয়ের স্বপ্ন দেখাচ্ছেন নেইমার-এমবাপ্পে।

সূত্র- বিডি প্রতিদিন

উইলিয়ানের নতুন ঠিকানা আর্সেনাল

ব্রাজিলিয়ান উইঙ্গার উইলিয়ান চেলসির সঙ্গে সম্পর্কের ইতি টানার পর এবার আর্সেনালে পাড়ি জমালেন। শুক্রবার এক বিবৃতিতে বিষয়টি নিশ্চিত করেছে গানাররা।

ব্লুস’দের সঙ্গে চুক্তির মেয়াদ শেষে গত রবিবার স্টামফোর্ড ব্রিজ ছাড়ার বিষয়টি নিশ্চিত করেন উইলিয়ান। তবে এখনই লন্ডন ছাড়ছেন না তিনি। কারণ ৩ বছরের চুক্তিতে একই শহরের আরেক ক্লাব আর্সেনালে গেছেন ৩২ বছর বয়সী তারকা।

উইলিয়ানকে দলে ভিড়িয়ে উচ্ছ্বসিত আর্সেনাল কোচ মাইকেল আর্তেতা বলেন, ‘গত কয়েক মাস ধরে আমরা তাকে (উইলিয়ান) নজরে রেখেছিলাম। অ্যাটাকিং মিডফিল্ডার এবং উইঙ্গার পজিশনে শক্তি বৃদ্ধির পরিকল্পনা করেছি।

উইলিয়ান এমন একজন যে খেলোয়াড় যে দুই ভূমিকাতেই দারুণ, এমনকি সে তিন কিংবা চার পজিশনে খেলার সামর্থ্য রাখে। আমার মতে সে এমন এক খেলোয়াড় যে পার্থক্য গড়ে দিতে সক্ষম।’

সূত্র- বিডি প্রতিদিন

তামিম-মুশফিকরা মাঠে নামছেন ২৪ অক্টোবর

করোনাভাইরাসের মহামারীর কারণে দীর্ঘ বিরতি শেষে আগামী ২৪ আক্টোবরে আন্তর্জাতিক ক্রিকেটে ফিরছে বাংলাদেশ। শ্রীলংকা সফরে ওইদিন প্রথমবারের মতো মাঠে নামবেন তামিম-মুশফিকরা।

গত জুলাইয়ে শ্রীলংকা সফরে যাওয়ার কথা থাকলেও করোনার কারণে আর যাওয়া হয়নি।

বুধবার মিরপুর শেরে-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে এক সভা শেষে বিসিবির ক্রিকেট পরিচালনা বিভাগের প্রধান আকরাম খান গণমাধ্যমকে জানান, শ্রীলংকা সফরে যাওয়ার সম্ভাব্য একটি সময় নির্ধারণ করা হয়েছে। সেপ্টেম্বরের মাঝামাঝিতে দেশে ক্যাম্প করব। ১০-১২ দিন অনুশীলন শেষে আমরা শ্রীলংকা যাব। সেখানে প্রায় ২০-২৫ দিন আমরা একসঙ্গে অনুশীলন করব। ২৪ অক্টোবরের আমাদের খেলা রয়েছে।

এ সময় সেপ্টেম্বরের শুরুতে কোচদের দেশে ফিরিয়ে আনার চেষ্টা করা হবে বলেও জানান আকরাম খান।

গত ১১ মার্চ দেশের মাটিতে সবশেষ জিম্বাবুয়ের বিপক্ষে আন্তর্জাতিক ম্যাচ খেলে বাংলাদেশ। ওই টি-টোয়েন্টির পর থেকেই করোনার প্রকোপ শুরু হয়। তারপর থেকেই আন্তর্জাতিক ক্রিকেটের বাইরে রয়েছেন টাইগাররা।

বিসিবির ক্রিকেট পরিচালনা বিভাগের প্রধান আকরাম খান বলেন, আমরা কয়েক দফায় করোনা টেস্ট করার চিন্তা করছি। আমরা দুই-তিনবার করোনা টেস্ট করাব। এটা নিয়ে আমাদের আরও পরিকল্পনা আছে। পরে জানিয়ে দেব।
সূত্র- যুগান্তর